

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

তারিখ	:	২০ এপ্রিল, ২০০৫
স্থান	:	সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি	:	কর্ণেল সালাহুউদ্দীন আহমেদ প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১)	ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন অধিনায়ক, বিএনএস হাজী মহসিন ঢাকা সেনানিবাস।	--	সদস্য
(২)	গ্রুপ ক্যাপ্টেন এম রবিউল ইসলাম শিকদার, পিএসসি অধিনায়ক প্রশাসনিক শাখা বিমান বাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস।	--	সদস্য
(৩)	মেজর আব্দুর রশিদ আকন্দ প্রতিনিধি কমান্ড্যান্ট সম্মিলিত সামরিক হাসপাতাল ঢাকা সেনানিবাস।	--	সদস্য
(৪)	লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ ৩৪৬, বারিধারা ডিওএইচএস ঢাকা সেনানিবাস।	--	সদস্য
(৫)	জনাব মোঃ জিয়াউদ্দীন বিজ্ঞ ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি।	--	সদস্য

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন গ্রুপ ক্যাপ্টেন ডি এস রাজা (অবঃ), সেক্রেটারী, ডিওএইচএস বনানী এসোসিয়েশন, লেঃ কর্ণেল মোঃ আব্দুর রাশেদ লস্কর (অবঃ), মেম্বার সিকিউরিটি এন্ড এ্যাডমিন, ডিওএইচএস মহাখালী এসোসিয়েশন এবং লেঃ কর্ণেল মোঃ আব্দুল খালেক, পিএসসি (অবঃ), সেক্রেটারী, ডিওএইচএস বারিধারা এসোসিয়েশন।

উপস্থিত সদস্যবৃন্দ এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

- প্রস্তাব নং-১ : বিগত ২৮ মার্চ, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।
গৃহীত সিদ্ধান্তঃ বিগত ২৮ মার্চ, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।
- প্রস্তাব নং-২ : মার্চ, ২০০৫ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।
গৃহীত সিদ্ধান্তঃ মার্চ, ২০০৫ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।
- প্রস্তাব নং-৩ : মার্চ, ২০০৫ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।
গৃহীত সিদ্ধান্তঃ মার্চ, ২০০৫ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

- প্রস্তাব নং-৪ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০৩-২০০৪ অর্থ বৎসরের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন অবলোকন।
- গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০৩-২০০৪ অর্থ বৎসরের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন অবলোকন করা হলো। বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন পরবর্তী কার্যার্থে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।
- প্রস্তাব নং-৫ : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের চীফ মেডিকেল অফিসার ডাঃ মাসউদা গনি ১০ জুন, ২০০৫ তারিখে অবসর প্রস্তুতিমূলক ছুটি (এলপিআর)-তে যাবেন। তাঁর চাকরি পরবর্তী ০৩(তিন) বছর বৃদ্ধি করার জন্য ১৬ এপ্রিল, ২০০৫ তারিখে আবেদন করেছেন। উক্ত আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। আবেদনপত্রসহ সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো।
- গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের চীফ মেডিক্যাল অফিসার ডাঃ মাসউদা গণির চাকরিকাল ৫৭(সাতান্ন) বছর বয়স পূর্তির পর থেকে পরবর্তী ০৩(তিন) বছরের জন্য বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে প্রতি বছর অন্তর অন্তর সন্তোষজনকভাবে চাকরি সম্পন্নের বিষয়ে পর্যালোচনার জন্য বোর্ডসভায় উপস্থাপন করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।
- প্রস্তাব নং-৬ : ক্যান্টনমেন্ট বোর্ডসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষক/শিক্ষিকাদের জন্য প্রণীত নিয়োগ/পদোন্নতি সংক্রান্ত নীতিমালা-২০০৫-এ এ্যাসিস্টেন্ট নার্স পদ অনুমোদন করা হয়েছে এবং উক্ত পদের বিপরীতে ১৯৭৫-৩৯২০/-টাকার স্কেল প্রদান করা হয়েছে। ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে নার্সিং এ্যাসিস্টেন্ট পদ রয়েছে। নার্সিং এ্যাসিস্টেন্ট পদটিকে উক্ত নীতিমালা অনুযায়ী এ্যাসিস্টেন্ট নার্স পদ হিসেবে পরিবর্তনকরণের নিমিত্ত বোর্ড রেজুলেশনসহ প্রস্তাব সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের জন্য ১৬ ফেব্রুয়ারি, ২০০৫ তারিখের ৭/এমএলএসসি/ঢাকা/১৬-৫/শা-২/১৭ নং পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়েছে। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসঙ্গে উক্ত পত্রটি সভায় উপস্থাপন করা হলো।
- গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে নার্সিং এ্যাসিস্টেন্ট পদটি 'ক্যান্টনমেন্ট বোর্ডসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষক/শিক্ষিকাদের জন্য প্রণীত নিয়োগ/পদোন্নতি সংক্রান্ত নীতিমালা-২০০৫' এর আলোকে এ্যাসিস্টেন্ট নার্স পদ হিসেবে পরিবর্তনের বিষয়টি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হোক।
- প্রস্তাব নং-৭ : মহাখালী ডিওএইচএস এলাকার ১৯/সি নং রোডের ২৮১/সি নং প্লটের সামনে অবস্থিত ০৭(সাত)টি মেহগনি ও ০১(এক)টি বেল গাছ বিক্রির নিমিত্তে ৩০ মার্চ, ২০০৫ তারিখে প্রকাশ্য নিলাম ডাক অনুষ্ঠিত হয়। উক্ত নিলাম ডাকে ১৪ জন ডাককারী অংশ গ্রহণ করেন। তন্মধ্যে জনাব মোঃ হিরু, ২৮৪, নাভিলা স'মিল, ইব্রাহিমপুর, ঢাকা কর্তৃক প্রদত্ত ২,৪৫০/-টাকার দর সর্বোচ্চ হয়। উক্ত সর্বোচ্চ দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, উক্ত গাছের এম আরপি নির্ধারণ করা হয়েছিল- ৭৬৮.৪১ টাকা।

- §§ ৩ §§-

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টি পর্যালোচনান্তে ২,৪৫০/- (দুই হাজার চারশত পঞ্চাশ) টাকার সর্বোচ্চ নিলাম ডাক অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৮ : সিএসডি ভবন রক্ষণাবেক্ষন ও মেরামতের স্থান হতে কর্তনকৃত ০৩টি জারুল, ০১টি সেগুন এবং ০২টি ছোট বকুল গাছ বিক্রির নিমিত্তে ৩১ মার্চ, ২০০৫ তারিখে প্রকাশ্য নিলাম ডাক অনুষ্ঠিত হয়। উক্ত নিলাম ডাকে ০৭ জন ডাককারী অংশ গ্রহণ করেন। তন্মধ্যে জনাব মোঃ হিরু, ২৮৪, নাভিলা স'মিল, ইব্রাহিমপুর, ঢাকা কর্তৃক প্রদত্ত ৩,৩০০/-টাকার দর সর্বোচ্চ হয়। উক্ত সর্বোচ্চ দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, উক্ত গাছের এম আরপি নির্ধারণ করা হয়েছিল ২,১১৬.৫২ টাকা।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টি পর্যালোচনান্তে ৩,৩০০/- (তিন হাজার তিনশত) টাকার সর্বোচ্চ নিলাম ডাক অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং- ৯ : ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২১ নং প্লটে নির্মিত বিএস-২ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক মির্জা আহসানুল হাবিব ৩১ আগস্ট, ২০০৪ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা মিসেস ফরিদা খানম, স্বামী- মরহুম মোশারফ হোসেন খান এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১৭ মার্চ, ২০০৫ তারিখের ১৩০০/১২০/৫৭/৫/ক নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রাকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২১ নং প্লটে নির্মিত বিএস-২ নং ফ্ল্যাটটি মিসেস ফরিদা খানম, স্বামী- মরহুম মোশারফ হোসেন খান এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১০ : ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩/বি নং প্লটে নির্মিত ২০১ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক বেগম ফজিলাতুননেছা ০৫ জুলাই, ২০০৪ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা মিসেস ফজিলাতের নাহার, স্বামী-জনাব দাউদ হোসেন এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২৯ মার্চ, ২০০৫ তারিখের ১৩০০/১২০/৫৭/৫নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রাকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩/বি নং প্লটে নির্মিত ২০১ নং ফ্ল্যাটটি মিসেস ফজিলাতের নাহার, স্বামী-জনাব দাউদ হোসেন এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১১ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩/বি নং প্লটে নির্মিত ২০৩ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক বেগম ফজিলাতুননেছা ০৫ জুলাই, ২০০৪ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা এসএম নিজাম-উর-রহমান, পিতা-মরহুম মোঃ আঃ জব্বার এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১৭ মার্চ, ২০০৫ তারিখের ১৩০০/১২০/৫৭/৫/খ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩/বি নং প্লটে নির্মিত ২০৩ নং ফ্ল্যাটটি এসএম নিজাম-উর-রহমান, পিতা-মরহুম মোঃ আঃ জব্বার এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১২ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩/বি নং প্লটে নির্মিত ৪০১ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক বেগম ফজিলাতুননেছা ০৫ জুলাই, ২০০৪ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা বেগম আসমা হায়দার, স্বামী-মরহুম মোমিনুল হায়দার চৌধুরী এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১৬ মার্চ, ২০০৫ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩/বি নং প্লটে নির্মিত ৪০১ নং ফ্ল্যাটটি বেগম আসমা হায়দার, স্বামী-মরহুম মোমিনুল হায়দার চৌধুরী এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৩ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩/বি নং প্লটে নির্মিত ৩০১ নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক বেগম ফজিলাতুননেছা ০৫ জুলাই, ২০০৪ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা বেগম আসমা হায়দার, স্বামী- মরহুম মোমিনুল হায়দার চৌধুরী এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১৬ মার্চ, ২০০৫ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩/বি নং প্লটে নির্মিত ৩০১ নং ফ্ল্যাটটি বেগম আসমা হায়দার, স্বামী-মরহুম মোমিনুল হায়দার চৌধুরী এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ২২ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে মিসেস নাসরিন হক, স্বামী- সৈয়দ শহিদুল হক জামাল এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। অত্র দপ্তরের ২৯ সেপ্টেম্বর, ২০০৪ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/২২/১১১ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ০৩ এপ্রিল, ২০০৫ তারিখের আবেদনসহ নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্তঃ আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২২ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি মিসেস নাসরিন হক, স্বামী- সৈয়দ শহিদুল হক জামাল এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ২১ নং প্লটে নির্মিত সি-৭ নং ফ্ল্যাটটির দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে মিসেস ফাতেমা বেগম, স্বামী- জনাব মোঃ আতা উল্লাহ উইয়া এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। অত্র দপ্তরের ০৯ মে, ২০০৪ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/২১/ফ্ল্যাট নং-সি/৭/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ১৬ মার্চ, ২০০৫ তারিখের আবেদনসহ নথিটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্তঃ আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২১ নং প্লটে নির্মিত সি-৭ নং ফ্ল্যাটটি মিসেস ফাতেমা বেগম, স্বামী- জনাব মোঃ আতা উল্লাহ উইয়া এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৬ঃ ঢাকা সেনানিবাস এলাকায় বাড়ী এবং ফ্ল্যাট হস্তান্তর করার জন্য নামজারী ও হস্তান্তর ফি বৃদ্ধি করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে বর্তমানে আদায়যোগ্য নামজারী ও হস্তান্তর ফি এর হার নিম্নে প্রদত্ত হলো :-

(১) ফ্ল্যাট হস্তান্তরের ক্ষেত্রে :

(ক)	নামজারী ----- =	১,০০০/- টাকা (প্রতি ফ্ল্যাট)
(খ)	হস্তান্তর----- =	১২৫/- টাকা (প্রতি বর্গগজ জমির উপর)

(২) বাড়ীসহ প্লট হস্তান্তরের ক্ষেত্রে :

(ক)	নামজারী ----- =	৩,০০০/- টাকা
(খ)	হস্তান্তর----- =	১২৫/- টাকা (প্রতি বর্গগজ জমির উপর)

(৩) বাণিজ্যিক প্লট হস্তান্তরের ক্ষেত্রে :

(ক)	নামজারী ----- =	৫,০০০/- টাকা
(খ)	হস্তান্তর----- =	১২৫/- টাকা (প্রতি বর্গগজ জমির উপর)

(৪) ডিওএইচএস এলাকায় নামজারী/
রেকর্ড পরিবর্তন ফি :----- = ২,০০০/- টাকা

(৫) উত্তরাধিকারীদের মধ্যে হেবা/দানপত্রমূলে
হস্তান্তর----- = ৫০০/- টাকা

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর আলোচনা করা হলো। আলোচনান্তে আবাসিক বাড়ী ও ফ্ল্যাট হস্তান্তরের নামজারী ও হস্তান্তর ফি বৃদ্ধির বিষয়টি আপাতত বিবেচনা করা গেল না। বাণিজ্যিক প্লট হস্তান্তরের প্রস্তাবটি আগামী বোর্ডসভায় সুনির্দিষ্ট প্রস্তাবসহ উপস্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৭ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে নবনির্মিত হকার হার্ডস্ট্যাণ্ডের শেডে ব্যবসা করার জন্য হকার ফি বৃদ্ধি করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। বর্তমানে আদায়যোগ্য হকার ফি প্রতি বর্গফুট ০.৩০ (ত্রিশ পয়সা)।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটে নবনির্মিত টিন শেড হার্ডস্ট্যাণ্ডে হকার ব্যবসা করার জন্য হকার ফি প্রতি বর্গফুট ০.৩০ (ত্রিশ পয়সা) হতে ১.০০ (এক) টাকায় বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৮ঃ বনানী কবরস্থান সংলগ্ন ০.৭২ একর এবং ডিওএইচএস মহাখালীস্থ হযরত কালা শাহ বাবা (রঃ) এর মাজার সংলগ্ন ০.৪৪ একর জমি নার্সারীর জন্য ইজারা প্রদানের বিষয়ে আলোচনা সিদ্ধান্ত। ডিওএইচএস মহাখালীস্থ হযরত কালা শাহ বাবা (রঃ) মাজার সংলগ্ন নার্সারীর ইজারা মেয়াদ ৩০ জুন ২০০৫ তারিখে উত্তীর্ণ হবে।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে বনানী কবরস্থান সংলগ্ন ০.৭২ একর জমি ইতিপূর্বে ইজারা দেয়া হয়নি। ডিওএইচএস মহাখালীস্থ হযরত কালা শাহ বাবা (রঃ) এর মাজার সংলগ্ন ০.৪৪ একর জমি ডিওএইচএস এলাকার বাসিন্দাগণের আপত্তি থাকায় নার্সারীর জন্য ইজারা প্রদান না করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। ইজারা মেয়াদ শেষে উপরোক্ত জায়গা দখলমুক্ত করার জন্য ক্যান্টনমেন্ট একর্জিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১৯ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনকরণঃ-

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক	মন্তব্য
(১)	কচুক্ষেত পুরান বাজার এলাকায় সেনাপত্নী হাই স্কুলের দক্ষিণ পার্শ্বে বিদ্যমান রাস্তা হতে পশ্চিম দিকে মিরপুর লিঙ্ক রোড পর্যন্ত সিমেন্ট কনক্রিট রাস্তাসহ আরসিসি পাইপ ড্রেন নির্মাণ কাজ।	৪৪,৩৮,০০০.০০ টাকা	অনুদান বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বাস্তবায়ন করা যেতে পারে।
(২)	কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-১৫৩ হতে সিবি-২১০ পর্যন্ত সিমেন্ট কনক্রিট রাস্তাসহ পাকাড্রেন নির্মাণ কাজ।	৪,০০,০০০.০০ টাকা	-ঐ-
(৩)	কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-১৩৩ হতে সিবি-১৪১ পর্যন্ত আরসিসি পাইপ ড্রেন নির্মাণ কাজ।	৬,০০,০০০.০০ টাকা	-ঐ-

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক	মন্তব্য
(৪)	কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-১৫৩ হতে দক্ষিণ দিকে সিবি-১৬৬/৩ পর্যন্তসিমেন্ট কনক্রিট রাস্তাসহ পাকাড্রেন নির্মাণ কাজ।	৩,৫৭,০০০.০০ টাকা	-এ-
(৫)	কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-১৩৬ হতে পূর্ব দিকে সিবি-১৩৩ পর্যন্ত সিমেন্ট কনক্রিট রাস্তাসহ পাকাড্রেন নির্মাণ কাজ।	১,৯৬,০০০.০০ টাকা	অনুদান বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বাস্তবায়ন করা যেতে পারে।
(৬)	কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-৯৭ হতে পশ্চিম দিকে লালাসরাই স্কুল গেইট পর্যন্ত সিমেন্ট কনক্রিট রাস্তাসহ পাকাড্রেন নির্মাণ কাজ।	২,১৭,০০০.০০ টাকা	-এ-
(৭)	কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-১১০ হতে সিবি-১১১ পর্যন্ত সিমেন্ট কনক্রিট রাস্তাসহ পাকাড্রেন নির্মাণ কাজ।	১,৫৫,০০০.০০ টাকা	-এ-
(৮)	কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২৫২/১ হতে দক্ষিণ দিকে সিবি-৬১ পর্যন্ত সিমেন্ট কনক্রিট রাস্তাসহ পাকাড্রেন নির্মাণ কাজ।	৩,৩২,৫০০.০০ টাকা	-এ-
(৯)	কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২৫১/১ হতে পশ্চিম দিকে সিবি-৩৩/২ পর্যন্ত সিমেন্ট কনক্রিট রাস্তাসহ পাকাড্রেন নির্মাণ কাজ।	৩,৩২,৫০০.০০ টাকা	-এ-
(১০)	কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-৮৭ হতে সিবি-৮৬/৩ পর্যন্ত এবং সিবি-৮৪ হতে সিবি-৭২ পর্যন্ত সিমেন্ট কনক্রিট রাস্তাসহ পাকাড্রেন নির্মাণ কাজ।	৭,৫৬,৫০০.০০ টাকা	-এ-
(১১)	মুসলিম মডার্ণ একাডেমীর দক্ষিণ পার্শ্ব হতে ক্যান্টনমেন্ট বোর্ড ৪র্থ শ্রেণীর স্টাফ কোয়ার্টারের পিছন দিয়ে মিরপুর লিঙ্ক রোড পর্যন্ত আরসিসি পাইপ ড্রেন নির্মাণ কাজ।	৩০,০০,০০০.০০ টাকা	-এ-
(১২)	সেনাপত্নী হাই স্কুলের উত্তর পার্শ্ব হতে মিরপুর লিঙ্ক রোডের ওয়াসার আরসিসি বক্স কালভার্ট পর্যন্ত আরসিসি পাইপ ড্রেন নির্মাণ কাজ।	২০,০০,০০০.০০ টাকা	-এ-
(১৩)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯/বি এর পশ্চিম পার্শ্বের পুকুরের পশ্চিম পাড় হতে পশ্চিম দিকে শাহী মসজিদ পর্যন্ত আরসিসি পাইপ ড্রেন নির্মাণ কাজ।	৪,১৫,০০০.০০ টাকা	-এ-
(১৪)	মিরপুর সেনানিবাসে জিই (আর্মি) অফিসের পানি নিষ্কাশনের জন্য সামরিক অফিসার আবাসিক প্রকল্পের প্রবেশ রাস্তায় আরসিসি পাইপ স্থাপন কাজ	৬৩,১৬৮.০০ টাকা	মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল
(১৫)	কেন্দ্রীয় মসজিদের মেরামত ও সাজ-সজ্জাকরণ কাজ।	১,৭৯,৬৯০.০০ টাকা	অনুদান
(১৬)	সেনানিবাস (আল্লাহ) কেন্দ্রীয় মসজিদের ০৩(তিন) সারি এবং মহিলাদের নামাজের স্থানে কার্পেট স্থাপন কাজ।	১,৭০,৭০৯.০০ টাকা	অনুদান
(১৭)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯/সি সংলগ্ন পুকুরের পশ্চিম পাড়ে ৫০০'-০' লম্বা বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ।	৫,৮৭,৮৪৮.০০ টাকা	অনুদান বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বাস্তবায়ন করা যেতে পারে।
(১৮)	শহীদ সরণি শহীদ জাহাঙ্গীর গেইটের উত্তর পার্শ্ব জলাবদ্ধতা দূরীকরণের জন্য রোড ক্রসিং আরসিসি পাইপ স্থাপন এবং শহীদ জাহাঙ্গীর গেইট হতে উভয়দিকে সিগন্যাল গেইট পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বের ফুটপাথের নীচে পঙ্কারকরণ কাজ।	২,৮৯,৯৯২.০০ টাকা	অনুদান
(১৯)	শহীদ সরণি, স্বাধীনতা সরণি ও শহীদ মঈনুল রোডে টি এন্ড টি কর্তৃক খননকৃত রাস্তা মেরামত ও কার্পেটিংকরণ।	১,৭৭,৩৯০.০০ টাকা	রোড কাটিং এর জমাকৃত অর্থ হতে
(২০)	রজনীগন্ধা সুপার মার্কেটে কাঁচা বাজার সংলগ্ন গ্রুপ টয়লেটের সেপটিক ট্যাংক মেরামতসহ ড্রেনেজ লাইন সম্প্রসারণ কাজ।	১,১৩,৯৪৩.০০ টাকা	অনুদান
(২১)	রজনীগন্ধা সুপার মার্কেটের উত্তর পার্শ্ব গ্রুপ টয়লেট সংলগ্ন ড্রেনেজ লাইন নির্মাণ কাজ।	১,৩২,০০০.০০ টাকা	অনুদান

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক	মন্তব্য
(২২)	ঢাকা সেনানিবাসের আজীজ পল্লীর উদয়ন অফিসার্স কোয়ার্টার এর সম্মুখে শিশু পার্ক রংকরণ।	১০.০৩১.০০ টাকা	জন সাধারণের উন্নয়নমূলক খাত হতে
(২৩)	রজনীগন্ধা সুপার মার্কেটে কসাইখানা সম্প্রসারণ কাজ।	৩,১৮,০০০.০০ টাকা	অনুদান বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বাস্তবায়ন করা যেতে পারে।
(২৪)	রজনীগন্ধা সুপার মার্কেটে মাছের আড়ৎ এর পূর্ব এবং পশ্চিম পার্শ্বে সংযোগ রাস্তা নির্মাণ কাজ।	৩,৫৮,১৯৮.০০ টাকা	অনুদান বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বাস্তবায়ন করা যেতে পারে।
(২৫)	ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিস সংলগ্ন নাসরীর পূর্ব পার্শ্বে পুকুর পাড়ে নিরাপত্তার জন্য কাটা তারের বেড়া স্থাপন/মেরামত কাজ।	২,৩৮,১২৪.০০ টাকা	অনুদান প্রাপ্তি সাপেক্ষে
(২৬)	বারিধারা ডিওএইচএস এলাকায় ১৩ নং লেন সংলগ্ন (প্রধান সড়কের পশ্চিম পার্শ্বে) সিকিউরিটি গার্ড রুম টয়লেটসহ নির্মাণ।	১,৪৬,০১১.০০ টাকা	বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে
(২৭)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৬/ডি-এর ১৫টি বাসা মেরামত ও সাজ-সজ্জাকরণ।	২,৬৫,০০০.০০ টাকা	মেরামত ও রক্ষণাবেক্ষণ

গৃহীত সিদ্ধান্তঃ উপস্থাপিত মূল্যানুমানসমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে ক্রমিক নং-১ হতে ২৭ পর্যন্ত মোট ২৭(সাতাশ)টি কাজের মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। অনুমোদিত মূল্যানুমানসমূহের দরপত্র আহবানপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-২০ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদন করণ ঃ-

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক	সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম	সর্বনিম্ন উদ্ধৃত দর	সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর	মন্তব্য
(১)	মহাখালী ডিওএইচএস এলাকার ইষ্টার্ণ রোড লেন নং-১ এর পূর্বমাথা (লিঙ্ক রোডের দক্ষিণ প্রান্ত) হতে দক্ষিণ দিকে বাড়ী নং-১৭৩ এর পূর্ব পার্শ্বে স্পীড ব্রেকার পর্যন্ত মেরামত ও কাপেটিং কাজ।	২,৭৮,৬১৮.০০ টাকা	মেসার্স রাইসা কন্সট্রাকশন	০৮.০০% উর্ধ্ব	০৫.০০% উর্ধ্ব	অনুদান
(২)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৫/এ এর সিডিসহ বাউন্ডারী ওয়াল ও বিল্ডিং এর বাহির সাইট মেরামত ও রংকরণ কাজ।	৪৮,৩৩৩.৩১ টাকা	মেসার্স তাহের এন্টারপ্রাইজ	০৮.৭৫% উর্ধ্ব	০৫.০০% উর্ধ্ব	মেরামত ও রক্ষণাবেক্ষণ
(৩)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাল কোয়ার্টার নং-৬৪ এর ৩য় তলার পশ্চিম পার্শ্বের মেরামত ও সাজ-সজ্জাকরণ কাজ।	৩৫,২৮৬.০০ টাকা	মেসার্স প্রগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং	০৯.৯২% উর্ধ্ব	০৯.৯২% উর্ধ্ব	মেরামত ও রক্ষণাবেক্ষণ
(৪)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৫/ডি নং স্টাফ কোয়ার্টারের নষ্ট পানির পাম্প বদল করে নতুন পাম্প স্থাপন কাজ।	২০,০৩১.০০ টাকা	মেসার্স দিলদার এন্টারপ্রাইজ	০৯.৯৯% উর্ধ্ব	০৯.৯৯% উর্ধ্ব	মেরামত ও রক্ষণাবেক্ষণ

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক	সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম	সর্বনিম্ন উদ্ধৃত দর	সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর	মন্তব্য
(৫)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-২৫/এ এর ২য় তলার পূর্ব পার্শ্বের মেরামত ও সাজ-সজ্জাকরণ কাজ।	৩১,০৬৩.৮০ টাকা	মেসার্স তাহের এন্টারপ্রাইজ	০৪.৯৫% উর্ধ্ব	সিডিউল সমহার	মেরামত ও রক্ষণাবেক্ষণ
(৬)	মহাখালী ডিওএইচএস এলাকার ২৯৭/বি নং প্লটের মধ্য থেকে ২'-৬" পাইপ উঠিয়ে পুনঃস্থাপন কাজ।	৯০,৫৬১.০০ টাকা	মেসার্স হাবিব এন্ড সন্স কোং	০৯.৯০% উর্ধ্ব	০৯.৯০% উর্ধ্ব	মহাখালী ডিওএইচএস উন্নয়ন তহবিল
(৭)	ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-১০০ এর ৩য় তলার মেরামত ও সাজ- সজ্জাকরণ কাজ।	৩৯,৩১৭.৯০ টাকা	মেসার্স মুক্তি প্রাকৌশলী সংস্থা	০৫.০০% উর্ধ্ব	০৩.০০% উর্ধ্ব	মেরামত ও রক্ষণাবেক্ষণ
(৮)	স্টাফ কোয়ার্টার নং-৬৪ এর ২য় তলার পূর্ব পার্শ্ব মেরামত ও সাজ-সজ্জাকরণ কাজ।	৩১,০৮৭.০০ টাকা	মেসার্স মনির এন্ড কোং	০৫.০০% উর্ধ্ব	০৩.০০% উর্ধ্ব	মেরামত ও রক্ষণাবেক্ষণ
(৯)	শহীদ সরণিস্থ আদমজী ক্যান্টনমেন্ট কলেজের সম্মুখে ০২টি জেব্রা ক্রসিং এর পার্শ্ব জি আই পাইপের রেলিং স্থাপনকরণ।	৩৯,৯১৮.০০ টাকা	মেসার্স জয়নাল এন্টারপ্রাইজ	১৯.৫০% উর্ধ্ব	১০.০০% উর্ধ্ব	বোর্ডের নিজস্ব তহবিল হতে
(১০)	শহীদ সরণির পার্শ্ব ওয়ার্কশপ বাসস্ট্যান্ড মেরামত কাজ।	২৮,১৩০.০০ টাকা	মেসার্স এস আলম এন্টারপ্রাইজ	২০.০০% উর্ধ্ব	১০.০০% উর্ধ্ব	মেরামত ও রক্ষণাবেক্ষণ
(১১)	ঢাকা সেনানিবাসের স্বাধীনতা সরণি চেকপোস্টে (বনানী) রোড ডিভাইডার স্থাপন করে সেনানিবাস প্রবেশ (বামে) লেন তৈরীকরণ কাজ।	৯৭,১১৪.০০ টাকা	মেসার্স ইমেল এন্টারপ্রাইজ	১৯.৯৫% উর্ধ্ব	১০.০০% উর্ধ্ব	বোর্ডের নিজস্ব তহবিল হতে
(১২)	সেনাপল্লী উচ্চ বিদ্যালয়ের রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজ।	৪৯,৫০০.০০ টাকা	মেসার্স এম এস বিজনেস এন্ড কন্সট্রাক্ট	০৫.০০% উর্ধ্ব	সিডিউল সমহার	মেরামত ও রক্ষণাবেক্ষণ
(১৩)	মিরপুর ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়ের আসবাবপত্র তৈরী ও সরবরাহ কাজ।	৪৩,৮৬১.০০ টাকা	মেসার্স এস আলম এন্টারপ্রাইজ	১৯.৫০% উর্ধ্ব	১৮.৫০% উর্ধ্ব	বোর্ডের নিজস্ব তহবিল হতে
(১৪)	শহীদ রমিজ উদ্দিন কলেজের স্টাফ কোয়ার্টার কেন্দ্রের গ্যাস লাইন স্থাপন কাজ।	৪৪,২১০.০০ টাকা	মেসার্স খান ট্রেডার্স	০৯.৯৯% উর্ধ্ব	০৯.৯৯% উর্ধ্ব	বোর্ডের নিজস্ব তহবিল হতে
(১৫)	হাজী মহসিন ক্রসিং যানবাহন সংকেত হলুদ বাতিসহ ম্যানুয়েল চালুকরণ কাজ।	৪০,৬৪০.০০ টাকা (বাজার দর)	মাইক্রো ইলেকট্রনিক্স লিঃ	৪০,৬৪০.০০ টাকা (বাজার দর)	৪০,৬৪০.০০ টাকা (বাজার দর)	মেরামত ও রক্ষণাবেক্ষণ

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক	সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম	সর্বনিম্ন উদ্ধৃত দর	সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর	মন্তব্য
(১৬)	ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার (বাজার এলাকা) ৬৮/এ নং প্লটে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের পরিচালক মহোদয় এবং অন্যান্য ১ম শ্রেণীর কর্মকর্তাদের জন্য ০৬ (ছয়) তলা ভিতের আবাসিক বাসস্থান প্রকল্পের ২য় তলা পর্যন্ত নির্মাণ কাজ।	৫৯,০৫,৪৯৫.০০ টাকা	মেসার্স শামস ট্রেডিং কর্পোরেশন	৩৩.৯৫% উর্ধ্ব	৩২.৫০% উর্ধ্ব	অনুদান
(১৭)	শহীদ রমিজ উদ্দিন স্কুলের আসবাবপত্র সরবরাহ কাজ।	২,৯৭,০৪৪.০০ টাকা	মেসার্স ফারসিয়া ট্রেডিং কোং	১৮.৫০% উর্ধ্ব	১৮.৫০% উর্ধ্ব	অনুদান
(১৮)	বারিধারা ডিওএইচএস সেনা কল্যান সংস্থার অনন্য শপিং কমপ্লেক্স এর উত্তর পূর্ব কর্ণার থেকে দক্ষিণ দিকে ৪০০'-০" ফুট সীমানা প্রাচীর নির্মাণ কাজ।	৪,২৪,৬২১.০০ টাকা	মেসার্স জয়নাল এন্টারপ্রাইজ	১৯.৯০% উর্ধ্ব	১৯.৯০% উর্ধ্ব	বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে
(১৯)	মহাখালী ডিওএইচএস এলাকার লেইন নং-১৯ এর পূর্বপার্শ্বে প্লট নং-২৭৮ হতে ২৫৫/এ পর্যন্ত পাকা ড্রেন পুনর্নির্মাণ কাজ।	৩,৮০,০৩৩.০০ টাকা	মেসার্স প্রগতি প্রকৌশলী	১৮.৯০% উর্ধ্ব	১৮.৯০% উর্ধ্ব	অনুদান
(২০)	স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের সোডিয়াম বাতির আন্ডার গ্রাউন্ড লাইন নষ্ট হয়ে যাওয়ায় নতুন করে এলুমিনিয়াম তার দ্বারা ওভারহেড লাইন এবং ব্রাকেট স্থাপনকরণ কাজ।	৪,৮৭,৪২১.০০ টাকা	মেসার্স রাইসা কন্সট্রাকশন	২৫.০০% উর্ধ্ব	২৫.০০% উর্ধ্ব	অনুদান
(২১)	শহীদ জাহাঙ্গীর গেইট হতে স্টাফ রোড পর্যন্ত রাস্তার পশ্চিমপার্শ্বে এবং হাজী মহসিন হতে স্টাফ রোড পর্যন্ত রাস্তার পূর্বপার্শ্বের সোডিয়াম বাতির পুরাতন তার বদল করে নতুন এলুমিনিয়াম তার স্থাপনকরণ কাজ।	৪,০৮,৬৯২.০০ টাকা	মেসার্স দি আজাদ কন্সট্রাকশন এন্ড কোং	২৮.৯৫% উর্ধ্ব	২৭.৯৫% উর্ধ্ব	অনুদান
(২২)	বনানী ডিওএইচএস এর পশ্চিম পার্শ্বে ক্যান্টনমেন্ট এর সীমানা প্রাচীর সঠিক স্থানে নির্মাণ কাজ।	৪,৯৮,৬৬৭.০০ টাকা	মেসার্স দি কারিগর	১৯.৯৫% উর্ধ্ব	১৯.৯৫% উর্ধ্ব	অনুদান
(২৩)	ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল মেরামতসহ রং করণ কাজ।	৩,৩৬,০৭২.৫৪ টাকা	মেসার্স রনি এন্টারপ্রাইজ	০৯.৯৫% উর্ধ্ব	সিডিউল সমহার	মেরামত ও রক্ষণাবেক্ষণ
(২৪)	বারিধারা ডিওএইচএস এলাকায় মসজিদ সংলগ্ন স্থানে মুসল্লীদের গাড়ী পার্কিংয়ের জন্য ব্রিক সলিংকরণ কাজ।	৮,৪২,২৮৬.০০ টাকা	মেসার্স শরীফ এন্ড সন্স	২১.০০% উর্ধ্ব	২০.০০% উর্ধ্ব	বারিধারা ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে
(২৫)	স্বাধীনতা সরণির রাস্তায় স্পীড ব্রেকার নির্মাণ কাজ।	৩৬,৫০৭.০০ টাকা	মেসার্স আমিন ব্রাদার্স	০৯.৯৫% উর্ধ্ব	০৪.৭৬% উর্ধ্ব	মেরামত ও রক্ষণাবেক্ষণ

ক্রমিক নং	কাজের বিবরণ	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক	সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম	সর্বনিম্ন উদ্ধৃত দর	সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর	মন্তব্য
(২৬)	মিরপুর ক্যান্টনমেন্ট বোর্ড উচচ বিদ্যালয়ে ২টি টয়লেট নির্মাণ কাজ।	৫৬,০৬৩.০০ টাকা	মেসার্স লাকী ট্রেডার্স	১৯.৯০% উর্ধ্ব	১০.০০% উর্ধ্ব	বোর্ডের নিজস্ব তহবিল হতে
(২৭)	মিরপুর ক্যান্টনমেন্ট বোর্ড উচচ বিদ্যালয়ের জানালাসহ ৩৫টি সংযুক্ত বেঞ্চ মেরামতকরণ কাজ।	৬১,২৪৪.০০ টাকা	মেসার্স প্রগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং	১৫.৯০% উর্ধ্ব	১০.০০% উর্ধ্ব	মেরামত ও রক্ষণাবেক্ষণ
(২৮)	ক্যান্টনমেন্ট বোর্ড কর্মচারীদের জন্য ২য় শ্রেণীর বাসস্থান নির্মাণ কাজের সয়েলটেস্ট, আর্কিটেকচারাল এবং স্ট্রাকচারালের নকশা তৈরী ও সরবরাহ করণ।	মোট মূল্যানুমানের উপর-১% ২৯,৬৮,৭১২/- =২৯,৬৮৭/- টাকা	ইউনিক কনসাল্টিং সার্ভিসেস	০১.০০% উর্ধ্ব	০১.০০% উর্ধ্ব	অনুদান
(২৯)	ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মেলন কক্ষে থাই জানালা লাগানো এবং সাজ-সজ্জাকরণ কাজ।	৬৫,৩১৮.০০ টাকা	মেসার্স আমিন ব্রাদার্স	০৮.৮৫% উর্ধ্ব	০৫.০০% উর্ধ্ব	মেরামত ও রক্ষণাবেক্ষণ
(৩০)	মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের ২য় ধাপের সীমানা নির্ধারণের জন্য আরসিসি পিলার নির্মাণ কাজ।	৩,৩৯,৭০৭.০০ টাকা	মেসার্স রিয়া এন্টারপ্রাইজ	১৯.৫০% উর্ধ্ব	১৯.০০% উর্ধ্ব	মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে
(৩১)	সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ৭ নং বিল্ডিং এর ৩য় তলায় ছাদের উপর রেলিং স্থাপন ৩য় তলার সাজ- সজ্জাকরণ কাজ।	৭৮,৭৪৫.০০ টাকা	মেসার্স প্রগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং	০৯.৯৫% উর্ধ্ব	০৫.০০% উর্ধ্ব	মেরামত ও রক্ষণাবেক্ষণ

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত ৩১ টি কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় জানা যায় যে, ক্রমিক নং-১৬ এর কাজটি আরসিসি ফ্রেম স্ট্রাকচার হওয়ায় উল্লেখিত কাজে ব্যবহৃত রড, সিমেন্টসহ নির্মাণ কাজে ব্যবহৃত আনুসঙ্গিক মালামালের বর্তমান বাজার দর সিডিউল দরের চেয়ে অস্বাভাবিকভাবে বৃদ্ধি পাওয়ায় এবং ক্রমিক নং-২০ এবং ২১ এর বৈদ্যুতিক এ্যালুমিনিয়ামের তারের বর্তমান বাজার দর সিডিউল দরের চেয়ে অত্যধিক বেশী হওয়ায় উপরোল্লিখিত ৩১(একত্রিশ) টি কাজের দর বর্তমানে চলমান এমইএস-এর অনুরূপ কাজের সাথে সামঞ্জস্য রেখে সিএমইএস(আর্মি) কর্তৃক ভেটিং করা হয়েছে। বোর্ডসভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত দর অনুমোদন করা হলো। বোর্ডসভার অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে সম্মতিপত্র গ্রহণপূর্বক কার্যাদেশ প্রদান করা হোকঃ-

- (১) ০৫.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
- (২) ০৫.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
- (৩) ০৯.৯২% উর্ধ্ব দর অনুমোদিত।
- (৪) ০৯.৯৯% উর্ধ্ব দর অনুমোদিত।
- (৫) সিডিউল সমহার দর অনুমোদিত।
- (৬) ০৯.৯০% উর্ধ্ব দর অনুমোদিত।

- (৭) ০৩.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
- (৮) ০৩.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
- (৯) ১০.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
- (১০) ১০.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
- (১১) ১০.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
- (১২) সিডিউল সমহার দর অনুমোদিত।
- (১৩) ১৮.৫০% উর্ধ্ব দর অনুমোদিত।
- (১৪) সিডিউল সমহার দর অনুমোদিত।
- (১৫) ৪০,৬৪০.০০ টাকার দর অনুমোদিত।
- (১৬) ৩২.৫০% উর্ধ্ব দর অনুমোদিত।
- (১৭) ১৮.৫০% উর্ধ্ব দর অনুমোদিত।
- (১৮) ১৯.৯০% উর্ধ্ব দর অনুমোদিত।
- (১৯) ১৮.৯০% উর্ধ্ব দর অনুমোদিত।
- (২০) ২৫.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
- (২১) ২৫.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
- (২২) ১৯.৯৫% উর্ধ্ব দর অনুমোদিত।
- (২৩) সিডিউল সমহার দর অনুমোদিত।
- (২৪) ২০.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
- (২৫) ০৪.৭৬% উর্ধ্ব দর অনুমোদিত।
- (২৬) ১০.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
- (২৭) ১০.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
- (২৮) ০১.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
- (২৯) ০৫.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
- (৩০) ১৯.০০% উর্ধ্ব দর অনুমোদিত।
- (৩১) ০৫.০০% উর্ধ্ব দর অনুমোদিত।

প্রস্তাব নং-২১৪ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের জামানতের টাকা ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। জামানত ফেরতযোগ্য কাজের তালিকা উপস্থাপন করা হলোঃ-

ক্রমিক নং	কাজের বিবরণ	ঠিকাদারী ফার্মের নাম
১।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোডের পশ্চিম পার্শ্বে একটি গভীর নলকূপ ও সাবমারসিবল পাম্প স্থাপন কাজ।	বেঙ্গল টেকনোলজীক্যাল কর্পোরেশন লিঃ

গৃহীত সিদ্ধান্তঃ জামানত ফেরতযোগ্য উপরোক্ত প্রকল্প কাজের উপর সভায় আলোচনা হয়। সংশ্লিষ্ট কাজের গুণগতমান যাচাই-বাছাই করে উক্ত কাজের জামানত ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

- ১৩ -

প্রস্তাব নং-২২ঃ ঢাকা সেনানিবাসে আবাসিক প্রকল্প এলাকায় বেইসমেন্ট ফ্লোর নির্মাণকল্পে “ঢাকা সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন, ১৯৯৪” এর সংশোধিত খসড়া গেজেটে চূড়ান্ত প্রকাশনা প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসঙ্গে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৯ মার্চ, ২০০৫ তারিখের ৭/এমএলএভিসি/ঢাকা/৯-৫/শা-৩/২১৬ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা সেনানিবাসে আবাসিক প্রকল্প এলাকায় বেইসমেন্ট ফ্লোর নির্মাণকল্পে “ঢাকা সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন, ১৯৯৪” এর সংশোধিত খসড়া গেজেটে চূড়ান্ত প্রকাশ করার ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের পত্রটির উপর বিস্তারিত আলোচনায় জানা যায় যে, কেবলমাত্র মিরপুর ডিওএইচএস এলাকায় বেইসমেন্ট ফ্লোর নির্মাণ করা হবে মর্মে সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৩৮তম সভার ৭.৩ নং সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তৎপ্রেক্ষিতে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৬ জানুয়ারি, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার প্রস্তাব নং-৭ এর গৃহীত সিদ্ধান্তে ‘কেবলমাত্র মিরপুর ডিওএইচএস এলাকায় বেইসমেন্ট ফ্লোর নির্মাণের’ বিষয়টি প্রতিস্থাপন করা হলো। এ বিষয়ে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-২৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত রজনীগন্ধা সুপার মার্কেটের ০১(এক) বছর মেয়াদী অস্থায়ী দোকান নং পুকুর পাড়-৩১, ডি/৮৮-১, ডি/৮১-২, এ/১৩-১ এবং ১৩/১৫ ইজারা মেয়াদ উত্তীর্ণ হওয়ায় উক্ত দোকানসমূহের মালিকগণ দোকানের ইজারা মেয়াদ পরবর্তী ০১(এক) বছরের জন্য নবায়নের নিমিত্তে অত্র দপ্তরে আবেদন করেছেন। দোকানসমূহের ইজারা মেয়াদ পরবর্তী ০১(এক) বছরের জন্য বৃদ্ধিকরণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসঙ্গে সংশ্লিষ্ট দোকান মালিকগণের আবেদনসহ নথিগুলো সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের ০১(এক) বছর মেয়াদী অস্থায়ী দোকান নং-পুকুর পাড়-৩১, ডি/৮৮-১, ডি/৮১-২, এ/১৩-১ এবং ১৩/১৫ ইজারা মেয়াদ উত্তীর্ণ হওয়ায় উক্ত দোকানসমূহের ইজারার মেয়াদ যথাক্রমে ০৮/০৮/২০০৫, ০১/০৬/২০০৪, ০১/০২/২০০৫, ০১/০১/২০০৫ এবং ০১/০২/২০০৫ তারিখ হতে অস্থায়ীভাবে পুনরায় ০১(এক) বছরের জন্য ইজারার মেয়াদ বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আব্দুল্লাহ আল মামুন)
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

কর্ণেল সালাহুউদ্দীন আহমেদ)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।